



বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২৩/৬৮

তারিখঃ ২৭ মার্চ, ২০২৩

বিষয়ঃ আসন্ন ঈদ উল ফিতর'২৩ উপলক্ষ্যে পোশাক শিল্পের শ্রমিক-কর্মচারীদের ছুটি প্রদান প্রসঙ্গে।


প্রিয় সহকর্মী,  
আসসালামু আলাইকুম,

আপনারা অবগত আছেন যে, ঈদ উল ফিতর'২৩ এর সম্ভাব্য তারিখ হচ্ছে ২২শে এপ্রিল (শনিবার), সেই অনুযায়ী ২১শে এপ্রিল, ২০২৩ (শুক্রবার) থেকে ঈদের ছুটি শুরু (চাঁদ দেখার উপর নির্ভরশীল)। ফলশ্রুতিতে ২০শে এপ্রিল, ২০২৩ (বৃহস্পতিবার) ঈদের পূর্বে শেষ কর্মদিবস। রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের নিরাপদে গ্রামের বাড়ীতে যাওয়া-আসা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নে কতিপয় নির্দেশনা অনুসরণ করার জন্য বিনীতভাবে অনুরোধ জানাচ্ছিঃ

১. ঈদের ছুটিতে সড়ক, রেল এবং লঞ্চ যাত্রায় একই দিন অতিরিক্ত শ্রমিকের চাপ কমানোর লক্ষ্যে সরকারের বিভিন্ন দপ্তর থেকে বিজিএমইএ কে ধাপে ধাপে শ্রমিকদেরকে ঈদের ছুটি দেওয়ার জন্য অনুরোধ করেছেন।
২. স্ব স্ব কারখানা, নিজস্ব শিপমেন্ট, কার্যাদেশ, প্রোডাকশানের সাথে সমন্বয় করে, যদি সুযোগ থাকে ঈদের ২/৩ দিন পূর্বে শ্রমিকদের ছুটি প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৩. কারখানা কর্তৃপক্ষ যদি মনে করেন, রমজান মাসে বিভিন্ন সরকারী/সাপ্তাহিক ছুটির দিনে শ্রমিকদের সাথে আলোচনা করে জেনারেল ডিউটি করিয়ে সমন্বয় করতে পারবেন।
৪. ঈদের আগে শেষ কর্মদিবসে শ্রমিকদের ছুটির প্রাক্কালে, মাল বোঝাই করা ট্রাকে যাতায়াত না করা, অতিরিক্ত যাত্রী না হওয়া, তাড়াহুড়া করে রাস্তা পারাপার না করা, রাস্তায় যান চলাচল স্বাভাবিক রেখে ফুটপাথ দিয়ে পায়ে হাঁটা, সাধারণ মানুষের যাতায়াত/চলাচল বিঘ্ন না করা, অপরিচিত লোকের কাছ থেকে কিছু না খাওয়া ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক সতর্কতা শ্রমিকদেরকে জনানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।
৫. শেষ কর্মদিবসে শ্রমিকগণ নিরাপদে গ্রামের উদ্দেশ্যে যাত্রা করার লক্ষ্যে প্রয়োজনে কারখানা কর্তৃপক্ষ ৮/১০ জনের টীম গঠন করে (ইউনিফর্ম ও আইডি কার্ড প্রদর্শন করে) স্থানীয় ট্রাফিক ডিপার্টমেন্ট এর সাথে সহযোগীতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৬. গোয়েন্দা সংস্থার রিপোর্ট মোতাবেক তৃতীয় কোন পক্ষ শ্রম অসন্তোষ হওয়ার মত ঘটনা ঘটানোর চেষ্টা করতে পারে, সেই দৃষ্টিকোণ থেকে আপনার কারখানায় শ্রম অসন্তোষ সংঘটিত হতে পারে এ ধরনের কোন সিদ্ধান্ত ঘোষণা করার পূর্বে, প্রয়োজনে স্থানীয় আইন-শৃঙ্খলা বাহিনী, কলকারখানা অধিদপ্তর অথবা বিজিএমইএ এর সাথে আলোচনা করার অনুরোধ জানাচ্ছি।

আপনাদের সার্বিক সহযোগীতা একান্ত কাম্য,

ধন্যবাদান্তে,

  
ফারুক হাসান  
সভাপতি, বিজিএমইএ

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ জেরি •